রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/ ১৪ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **২৫.০০.০০০০.০৩২.১৪.০০৯.১৫(অংশ-২)/৯৬**—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসাবে প্রকাশিত হয়।

০২. অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০.০০.০১০.২০১০-১৬১, তারিখ ১৯.১০.২০১৫ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়।

০৩. পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২০.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বালিয়ারা মৌজার আর এস দাগ ২১৯, ৩২২, ৩৩০, ৩৩১, ৩৩৩ এ অবস্থিত ড্যাপে চিহ্নিত প্রস্তাবিত রাস্তা সংরক্ষণের শর্তে শিল্প এলাকায় পরিবর্তনের অনুমোদন দেওয়া হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো।



মূল্য : টাকা ৪.০০

০৪. উল্লেখ্য, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তপশিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd